

বহে নিরন্তর অনন্ত আনন্দধারা ॥
বাজে অসীম নভোমাবে অনাদি রব,
জাগে অগণ্য রবিচন্দ্রতারা ॥
একক অখণ্ড ব্রহ্মাণ্ডরাজ্যে
পরম-এক সেই রাজরাজেন্দ্র রাজে ।
বিস্মিত নিমেষহত বিশ্ব চরণে বিনত,
লক্ষশত ভক্তচিত্ত বাক্যহারা ॥

Parjaay: Puja, Taal: Jhaptaal, Raag: Lachhasaar-Bilabal
Visit www.geetabitan.com for notation and other detail